# ইউনিট ৪

# ব্যবসায়িক লেনদেন
## Business Transaction

### ভূমিকা
মানুষের ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, রাষ্ট্রীয় ও অর্থনৈতিক জীবনে প্রতিনিয়ত যে সমস্ত কর্মকান্ড ঘটছে সেগুলোর প্রতিটি এক একটি ঘটনা। এই ঘটনাই লেনদেনের ভিত্তি। তবে সব ঘটনাই লেনদেন নয়। যেমন, কোন দোকানের মালিককে তার বাবা ৫০০ টাকা দিলেন। যে সমস্ত ঘটনা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন আনে, অর্থ দ্বারা পরিমাপ করা যায় এবং দুটি পক্ষের মধ্যে সংঘটিত হয় তাকে লেনদেন বলে। লেনদেন হিসাবের বইতে নিয়মানুযায়ী লিপিবদ্ধ করাই হিসাববিজ্ঞানের প্রাথমিক ও গুরুত্বপূর্ণ কাজ। লেনদেন হিসাবের বইতে অথবা কম্পিউটারের সাহায্যে লিপিবদ্ধ করতে লেনদেনের সমর্থনে প্রমাণপত্র প্রয়োজন হয়। এই ইউনিটে লেনদেনের সংজ্ঞা, বৈশিষ্ট্য, ঘটনা ও লেনদেনের পার্থক্য ও লেনদেনের দলিলপত্র সম্পর্কে আলোচনা করা হয়েছে।

## পাঠ ১ লেনদেন : সংজ্ঞা ও বৈশিষ্ট্য
## (Transaction : Definition and Features)

### উদ্দেশ্য
এই পাঠ শেষে আপনি -

- লেনদেন কি তা বুঝিয়ে বলতে পারবেন
- ঘটনা ও লেনদেনের পার্থক্য বর্ণনা করতে পারবেন
- লেনদেনের বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবেন

### সূচনা (Introduction)
হিসাববিজ্ঞানের প্রধান কাজ হল ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনসমূহ হিসাবের বইতে সুষ্ঠুভাবে লিপিবদ্ধ করা এবং বৎসরান্তে কার্যফল ও আর্থিক অবস্থা নির্ণয় করা। আর্থিক লেনদেন লিপিবদ্ধ করার মাধ্যমে হিসাববিজ্ঞানের কার্যক্রম শুরু হয়। লেনদেন হল হিসাববিজ্ঞানের প্রথম ও প্রধান উপাদান। কাঁচামাল ছাড়া উৎপাদক যেমন উৎপাদন করতে পারে না, হিসাবনিকাশও তেমনি লেনদেন ছাড়া সম্পাদন করা যায় না। সুতরাং লেনদেন সম্পর্কে সম্যক ধারণা অর্জন করা দরকার।
লেনদেন সম্পর্কে বিস্তারিত জানার আগে লেনদেন যে ধারণা থেকে এসেছে সে সম্পর্কে অবগত হওয়া প্রয়োজন। লেনদেন হল কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক ঘটনা। তাই লেনদেন সম্পর্কে জানতে হলে ঘটনা সম্পর্কে ধারণা লাভ করতে হবে।

**ঘটনা (Event) ঃ** সাধারণভাবে কোন কিছু সংঘটিত হওয়াকে ঘটনা বলে। মানুষের ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, রাষ্ট্রীয় ও অর্থনৈতিক জীবনে প্রতিনিয়ত যে সমস্ত কর্মকান্ড সংঘটিত হচ্ছে সেগুলোর প্রতিটি এক একটি ঘটনা। প্রতিনিয়ত যে সমস্ত ঘটনা ঘটছে সেগুলোকে দুইভাগে ভাগ করা যায়। যথা-

১. **অনার্থিক ঘটনা (Non-monetary Events) ঃ** যে সমস্ত ঘটনার সাথে অর্থের সংশ্লিষ্টতা নেই বা যে সমস্ত ঘটনায় মানুষের আর্থিক অবস্থার পরিবর্তন হয় না তাকে অনার্থিক ঘটনা বলা যায়। যেমন খাওয়া, খুমানো, খেলায় জয়লাভ করা, সভায় বক্তৃতা দেওয়া, পণ্যক্রয়ের আদেশ দেওয়া ইত্যাদি।

২. **আর্থিক ঘটনা (Monetary Events) ঃ** অর্থের সাথে সম্পর্কযুক্ত ঘটনা যা ঘটলে মানুষের আর্থিক অবস্থার পরিবর্তন হয় তাকে আর্থিক ঘটনা বলে। যেমন- কেনাকাটা, ভাড়া প্রদান, বিক্রয় করা ইত্যাদি।

*হিসাববিজ্ঞানের দৃষ্টিতে যে সমস্ত ঘটনা দ্বারা ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটে সেগুলোই ঘটনা বলে স্বীকৃত। অনার্থিক ঘটনা এখানে প্রযোজ্য নয়।*

ঘটনা ও লেনদেনের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। লেনদেনের উৎপত্তি হয় ঘটনা থেকে। ঘটনা সংঘটিত না হলে লেনদেন হতে পারে না। *তাই সাধারণভাবে বলা যায় সকল লেনদেনই ঘটনা কিন্তু সকল ঘটনা লেনদেন নয়।*

**লেনদেন (Transaction) ঃ** নেওয়া এবং দেওয়া শব্দ দুটো থেকে লেনদেন শব্দের উৎপত্তি। একে আদান-প্রদানও বলা যায়। অর্থাৎ সাধারণ অর্থে কোন কিছুর আদান-প্রদানকে লেনদেন বলে। স্নেহ, ভালবাসার আদান-প্রদানকেও লেনদেন বলা চলে। কিন্তু হিসাববিজ্ঞানে লেনদেন শব্দটি বিশেষ অর্থ বহন করে। একটি প্রতিষ্ঠানের দক্ষ কর্মকর্তার হঠাৎ মৃত্যু প্রতিষ্ঠানটির জন্য অপরিহার্য ক্ষতি। কিন্তু ক্ষতির পরিমাণ পরিমাপ করা যায় না। এটি প্রতিষ্ঠানটির জন্য একটি গুরুত্বপূর্ণ ঘটনা।
আবার গুদামে আগুন লেগে ৫০০ টাকা মূল্যের পণ্য নষ্ট হয়ে গেল। এটাও একটি ঘটনা এবং টাকায় পরিমাপ করা যায়। তাছাড়া, প্রতিষ্ঠানটির আর্থিক অবস্থার পরিবর্তনও ঘটেছে।

আর একটি ঘটনার কথা আমরা চিন্তা করি। প্রতিষ্ঠানের ম্যানেজার মেয়ের বিয়েতে ৫০,০০০ টাকা খরচ করলেন। এটি একটি ঘটনা এবং এটিকে অর্থের মাপকাঠিতে পরিমাপ করা যায়। অর্থাৎ এটি একটি আর্থিক ঘটনা। কিন্তু এতে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটছে না। তবে তিনি যদি প্রতিষ্ঠান থেকে এ অর্থ গ্রহণ করেন তাহলে তাতে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটছে।

এখানে উল্লেখ্য যে, সকল ঘটনাই লেনদেন নয়। এমনকি সকল আর্থিক ঘটনাও লেনদেন নয়। কোন ঘটনাকে লেনদেন হতে হলে তার অবশ্যই নিচের বৈশিষ্ট্যগুলো থাকতে হবে।

**ঘটনা ও লেনদেনের পার্থক্য (Difference between Event and Transaction) ঃ**
ঘটনা ও লেনদেন অনেকটা সমার্থক বলে মনে হলেও এদের মধ্যে পার্থক্য রয়েছে। এ পার্থক্যগুলো নিম্নে দেওয়া হল।

| | ঘটনা (Event) | লেনদেন (Transaction) |
|---|---|---|
| **সংজ্ঞা** | সাধারণতঃ সব ঘটনা লেনদেন নয়; যেমন- মানুষের দুঃখ, বেদনা ও উল্লাসের ঘটনা লেনদেন নয়। | সব লেনদেনই ঘটনা। যেমন- নগদ টাকায় পণ্য ক্রয়। |
| **আর্থিক অবস্থা** | সব ঘটনার দ্বারা আর্থিক অবস্থার পরিবর্তন হয় না। যেমন, বক্তৃতা করা। | লেনদেনই আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায়। যেমন, মজুরি প্রদান। |
| **অর্থের মাপকাঠিতে পরিমাপযোগ্য** | সব ঘটনা অর্থের মাপকাঠিতে পরিমাপ যোগ্য নয়। যেমন, পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান। | লেনদেন অর্থ দ্বারা পরিমাপযোগ্য। যেমন, নগদ টাকায় ৫০,০০০ টাকার পণ্য ক্রয়। |
| **ব্যাপকতা** | ঘটনা ব্যাপক অর্থে ব্যবহৃত হয়। যেমন- সুখময় স্মৃতির ঘটনা। | আর্থিক ঘটনা লেনদেন হিসেবে বিবেচিত হয়। যেমন-৩ টাকায় একটি কলম ক্রয়। |
| **পক্ষের সংশ্লিষ্টতা** | সকল ঘটনায় দুটি পক্ষ জড়িত নাও থাকতে পারে। যেমন, পথ চলতে হঠাৎ পড়ে যাবার ঘটনা। | প্রতিটি লেনদেনে অবশ্যই দুটি পক্ষ থাকবে। যেমন, পণ্য ক্রয় করতে গেলে বিক্রেতা থাকবে। |
| **হস্তান্তর যোগ্যতা** | ঘটনায় দ্রব্য বা সেবার হস্তান্তর নাও ঘটতে পারে। যেমন, পড়ার টেবিলে বই সাজিয়ে রাখার ঘটনা। | প্রতিটি লেনদেনে পণ্য সেবা/সম্পত্তি হস্তান্তর হয়। যেমন, নগদ টাকায় পণ্য ক্রয় করলে পণ্য ও টাকা হস্তান্তর হয়। |
| **লিপিবদ্ধকরণ** | সব ঘটনা লিপিবদ্ধ করা যায় না বা প্রয়োজন হয় না। যেমন, টেবিলের বই গুছানো। | প্রতিটি লেনদেন অবশ্যই হিসাবের বইতে লিপিবদ্ধ করতে হবে। |
| **প্রমাণ** | অনেক ঘটনার সমর্থনে কোন প্রমাণ থাকে না। | প্রতিটি লেনদেনের সমর্থনে উপযুক্ত প্রমাণ থাকে। |
| **পরিধি** | ঘটনায় পরিধি অত্যন্ত ব্যাপক। | লেনদেনের পরিধি সীমিত। |
| **বাস্তবতা** | ঘটনা বাস্তব অবাস্তব যে কোন ধরনের হতে পারে। | লেনদেন সর্বদাই বাস্তবভিত্তিক হয়। |

**ঘটনা ও লেনদেনের উদাহরণ ঃ**

| নং | ঘটনা | লেনদেন কি না | কারণ |
|---|---|---|---|
| 1. | মি. আবির ৯০,০০০ টাকা দিয়ে ব্যবসা শুরু করলেন। | লেনদেন | ব্যবসার আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেছে। নগদ ৯০,০০০ টাকা বৃদ্ধি পেয়েছে এবং সমপরিমাণ অর্থের জন্য মূলধন সৃষ্টি হয়েছে। নগদান হিসাব ও মূলধন হিসাব জড়িত। দৃশ্যমান, অতীত ও স্বতন্ত্র ঘটনা। |
| 2. | তিনি ৫০,০০০ টাকার পণ্য নগদে ক্রয় করলেন। | লেনদেন | আর্থিক অবস্থার পরিবর্তন হয়েছে। নগদ টাকা কমেছে এবং পণ্য এসেছে। ক্রয় হিসাব ও নগদ হিসাব জড়িত। দৃশ্যমান, অতীত ও স্বতন্ত্র ঘটনা। |
| 3. | জনাব জয়কে মাসিক ৩,০০০ টাকা বেতনে ম্যানেজার নিয়োগ করা হয়। | লেনদেন নয় | ম্যানেজার নিয়োগে আর্থিক অবস্থার কোন পরিবর্তন হয়নি। |
| 4. | নগদে পণ্য বিক্রয় ৬০,০০০ টাকার | লেনদেন | আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেছে। নগদ টাকা এসেছে এবং পণ্য চলে গেছে। নগদান হিসাব ও বিক্রয় হিসাব জড়িত। দৃশ্যমান, অতীত ও স্বতন্ত্র ঘটনা। |
| 5. | জনাব আবিরের একটি সন্তান জন্মগ্রহণ করে। | লেনদেন নয় | ব্যবসায়ের আর্থিক অবস্থার কোন পরিবর্তন হয়নি। |
| 6. | ১৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান করেন। | লেনদেন নয় | পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদানের জন্য আর্থিক অবস্থার কোন পরিবর্তন ঘটেনি। |
| 7. | তিনি ছেলেমেয়ের স্কুলের বেতন বাবদ ১,৪০০ টাকা প্রদান করেন। | লেনদেন নয় | ছেলেমেয়ের স্কুলের বেতন ব্যক্তিগত খরচ। সত্তা ধারণা অনুযায়ী ব্যবসা প্রতিষ্ঠান ও মালিক পৃথক। ব্যবসায় আর্থিক অবস্থার কোন পরিবর্তন হয়নি। |
| 8. | মালিকের পুকুরের মাছ বিক্রী করে ২০,০০০ টাকা পেলেন | লেনদেন নয় | ব্যবসায় আর্থিক অবস্থার কোন পরিবর্তন হয়নি। |
| 9. | ম্যানেজারের বেতন প্রদান ৩,০০০ টাকা | লেনদেন | আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেছে। খরচ বেড়েছে ও নগদ টাকা কমেছে। বেতন হিসাব ও নগদ হিসাব জড়িত। দৃশ্যমান, অতীত ও স্বতন্ত্র ঘটনা। |
| 10. | ৫,০০০ টাকায় বাকীতে বিক্রিত পণ্য ফেরত আসল। | লেনদেন | আর্থিক অবস্থার পরিবর্তন হয়েছে। মজুত বেড়েছে ও দেনাদার কমেছে। বিক্রয় ফেরত ও দেনাদার হিসাব জড়িত। দৃশ্যমান, অতীত ও স্বতন্ত্র ঘটনা। |

**লেনদেনের বৈশিষ্ট্য (Features of Transaction) ঃ**

সকল ঘটনা লেনদেন নয়। কোন ঘটনাকে লেনদেন হতে হলে নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলো থাকতে হবে -

১. **আর্থিক অবস্থার পরিবর্তন (Change in Financial Position) ঃ** কোন ঘটনা লেনদেন হতে হলে অবশ্যই প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন হতে হবে। প্রতিষ্ঠানের দক্ষতা বৃদ্ধিকল্পে একজন MBA-কে ব্যবস্থাপক নিযুক্ত করা হল। ঘটনাটি উল্লেখযোগ্য হলেও এর ফলে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার কোন পরিবর্তন হয়নি বিধায় এটি লেনদেন নয়। আর্থিক অবস্থার পরিবর্তন দু'ভাবে হতে পারে-

**ক) পরিমাণগত বা নীট পরিবর্তন (Quantitative or Net Change) ঃ** যে পরিবর্তন দ্বারা মোট সম্পত্তি ও মোট ব্যয়ের হ্রাস-বৃদ্ধি ঘটে তাকে পরিমাণগত বা নীট পরিবর্তন বলে। যেমন-ধারে ১০,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয় করা হলো। এক্ষেত্রে একদিকে ১০,০০০ টাকার সম্পত্তি (যন্ত্রপাতি) বৃদ্ধি পেল। অন্যদিকে ১০,০০০ টাকার দায় (পাওনাদার) বৃদ্ধি পেল।

**খ) কাঠামোগত বা গুণগত পরিবর্তন (Structural or Qualitative change) ঃ** যে পরিবর্তন দ্বারা মোট সম্পত্তি ও দায়ের পরিমাণ না হয়ে সম্পত্তি ও দায়ের উপাদানগুলোর মধ্যে পরিবর্তন সাধিত হয় তাকে কাঠামোগত বা গুণগত

পরিবর্তন বলে। যেমন-দেনাদারের কাছ থেকে ২০,০০০ টাকা আদায় করা হলো। এক্ষেত্রে প্রতিষ্ঠানের মোট সম্পত্তির পরিবর্তন হবে না। শুধু দেনাদার কমবে এবং নগদ অর্থ বাড়বে।

২। **অর্থের মাধ্যমে পরিমাপযোগ্য (Measurable in terms of money)** ঃ যে কোন ঘটনাকে লেনদেন হতে হলে তা অবশ্যই অর্থের মাপকাঠিতে পরিমাপযোগ্য হতে হবে। পণ্য বিক্রয় করা হল, এটা কোন লেনদেন হবে না। কিন্তু যদি বলা হয় ২০,০০০ টাকার পণ্য বিক্রয় করা হল তবে সেটা লেনদেন হবে।

৩। **দ্বৈতসত্তা বা দুটোপক্ষ (Dual Aspect)** ঃ কোন ঘটনা লেনদেন হতে হলে ইহা একই সময়ে পৃথক পৃথক অন্তত দুটো পক্ষ বা হিসাবখাতকে প্রভাবিত করবে। একে লেনদেনের দ্বৈত সত্তা বলা হয়। যেমন-নগদ টাকায় মেশিন ক্রয় করা হলো। এক্ষেত্রে নগদ একটি এবং মেশিন আর একটি পক্ষ বা হিসাব খাত একই সাথে প্রভাবিত হচ্ছে।

৪। **স্বয়ংসম্পূর্ণ ও স্বাতন্ত্র্য (Self-sufficient and Independent)** ঃ কোন ঘটনা লেনদেন হতে হলে স্বয়ংসম্পূর্ণ ও স্বতন্ত্র হতে হবে। যেমন, সকালে ধারে বিক্রয় বিকালে টাকা পেলেও দুটো পৃথক ঘটনা হিসেবে দুটি লেনদেন সংঘটিত হয়েছে বলে বিবেচিত হবে।

৫। **দৃশ্যমান বা অদৃশ্যমান ঘটনা** ঃ দৃশ্যমান বা অদৃশ্যমান ঘটনা লেনদেন হতে পারে। যেমন- ৫,০০০ টাকায় আসবাবপত্র ক্রয় একটি দৃশ্যমান ঘটনা হিসেবে লেনদেন। আবার ঐ আসবাবপত্র সারা বছর ব্যবহারের জন্য ১০% অবচয় ধার্য হলে তা অদৃশ্যমান ঘটনা হিসেবে লেনদেন হবে।

৬। **অতীত বা ভবিষ্যতের ঘটনা (Past and Future Event)** ঃ সাধারণত কোন ঘটনা সংঘটিত হবার পরে একে আমরা লেনদেন বলি এবং হিসাবভুক্ত করি। অর্থাৎ আগে লেনদেনভুক্ত হয় পরে হিসাব করা হয়। যেমন, ৪০,০০০ টাকার পণ্য ক্রয়। কিন্তু ভবিষ্যতে ঘটতে পারে এমন ঘটনা দ্বারাও আর্থিক অবস্থার পরিবর্তন হতে পারে। তাই ভবিষ্যতে ঘটতে পারে এমন ঘটনাও লেনদেন হতে পারে। যেমন- অনাদায়ী দেনা সঞ্চিতি।

সুতরাং সেই ঘটনাকে লেনদেন বলা হয় যা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন আনে। অর্থের মাপকাঠিতে পরিমাপযোগ্য, দুই পক্ষের মধ্যে সংঘটিত স্বয়ংসম্পূর্ণ, দৃশ্যমান বা অদৃশ্যমান এবং অতীত বা ভবিষ্যৎ ঘটনা হলো লেনদেন।

পাঠ ২

# লেনদেনের শ্রেণীবিভাগ ও লিপিবদ্ধকরণের প্রয়োজনীয়তা
## (Classification of Transaction and Necessity of its Recording)

**উদ্দেশ্য**

**এই পাঠ শেষে আপনি**

- লেনদেনের শ্রেণীবিভাগ ব্যাখ্যা করতে পারবেন
- লেনদেন লিপিবদ্ধকরণের প্রয়োজনীয়তা বলতে পারবেন

### লেনদেনের শ্রেণীবিভাগ (Classification of Transaction)

লেনদেনের প্রকৃতি অনুযায়ী বিভিন্ন দৃষ্টিকোণ হতে এর শ্রেণীবিভাগ করা যায়। নিম্নে লেনদেনের শ্রেণীবিভাগ বর্ণনা করা হল ঃ

১। সংঘটনের ভিত্তিতে লেনদেনকে দু'ভাগে ভাগ করা যায়। যথা- বহিঃলেনদেন ও আন্তঃলেনদেন।

ক) **বহি:লেনদেন (External Transaction)** ঃ যে লেনদেন প্রতিষ্ঠানের বাইরের ব্যক্তি বা প্রতিষ্ঠানের সঙ্গে সংঘটিত হয় তাকে বহিঃলেনদেন বলে। সাধারণত পণ্য ক্রয়-বিক্রয়, অর্থ আদান-প্রদান ইত্যাদি লেনদেন বাইরের লোকদের সাথে সংঘটিত হয়। করিমের কাছ থেকে ৫,০০০ টাকার পণ্য ক্রয়। করিম বাইরের লোক তাই লেনদেনটি বহি:লেনদেন।

খ) **আন্তঃলেনদেন (Internal Transaction)** ঃ প্রতিষ্ঠানের অভ্যন্তরে সংঘটিত লেনদেনকে আন্তঃলেনদেন বলে। এ জাতীয় লেনদেন সাধারনত অদৃশ্য লেনদেন হয়। যেমন- সম্পত্তির অবচয়।

২। পরিশোধের ভিত্তিতে লেনদেনকে দু'ভাগে ভাগ করা যায়। যথা- নগদ লেনদেন ও ধারে লেনদেন।

ক) **নগদ লেনদেন (Cash Transaction)** ঃ যে লেনদেনে নগদ টাকা আদান-প্রদান হয় তাকে নগদ লেনদেন বলে। যেমন, নগদে পণ্য বিক্রয়।

খ) **ধারে লেনদেন (Credit Transaction)** ঃ যেসব লেনদেনে তাৎক্ষণিকভাবে নগদ অর্থ আদান-প্রদান হয় না তাকে ধারে লেনদেন বলে। যেমন, ধারে পণ্য ক্রয়।

৩। দৃশ্যমানতার ভিত্তিতে লেনদেনকে দু'ভাগে ভাগ করা যায়। যথা- দৃশ্যমান ও অদৃশ্যমান লেনদেন।

ক) **দৃশ্যমান লেনদেন (Tangible Transaction)** ঃ যে সমস্ত লেনদেনের প্রভাব বা ফলাফল দৃষ্টিগোচর হয় তাদের দৃশ্যমান লেনদেন বলে। যেমন, পণ্য ক্রয়-বিক্রয় ইত্যাদি।

খ) **অদৃশ্যমান লেনদেন (Intangible Transaction)** ঃ যে সব লেনদেনের প্রভাব বা ফলাফল দৃষ্টিগোচর হয় না তাদের কে অদৃশ্যমান লেনদেন বলে। যেমন, সম্পত্তির অবচয়।

৪। উদ্দেশ্যের ভিত্তিতে লেনদেনকে দু'ভাগে ভাগ করা যায়। যথা- ব্যবসায়িক ও ব্যক্তিগত লেনদেন।

ক) **ব্যবসায়িক লেনদেন (Business Transaction)** ঃ ব্যবসায় প্রতিষ্ঠান প্রতিদিন যে সমস্ত লেনদেন সম্পন্ন করে সেগুলোকে ব্যবসায়িক লেনদেন বলে। যেমন- ক্রয়-বিক্রয় ইত্যাদি।

খ) **ব্যক্তিগত লেনদেন (Personal Transaction)** ঃ যে সব লেনদেন ব্যক্তিগত ও পারিবারিক জীবন যাপনের জন্য সংঘটিত হয় সে সব লেনদেনকে ব্যক্তিগত লেনদেন বলে। যেমন- চাউল ক্রয়, বাড়ী ভাড়া প্রদান ইত্যাদি।

৫। উপযোগিতার ভিত্তিতে লেনদেনকে দু'ভাগে ভাগ করা যায়। যথা- মুনাফা ও মূলধন জাতীয় লেনদেন।

ক) **মুনাফাজাতীয় লেনদেন (Revenue Transaction)** ঃ যে সমস্ত লেনদেনের ফলাফল স্বল্পকালব্যাপী তথা একটি আর্থিক বৎসরে শেষ হয় সে সব লেনদেনকে মুনাফা জাতীয় লেনদেন বলে। যেমন- বেতন প্রদান।

খ) **মূলধন জাতীয় লেনদেন (Capital Transaction)** ঃ যে সব লেনদেনের ফলাফল দীর্ঘমেয়াদী তথা একাধিক আর্থিক বৎসর পর্যন্ত বজায় থাকে সে সব লেনদেনকে মূলধন জাতীয় লেনদেন বলে। যেমন, যন্ত্রপাতি ক্রয়, দালান নির্মাণ ইত্যাদি।

**লেনদেন লিপিবদ্ধকরণের প্রয়োজনীয়তা (Necessity of Transactions Recording)**

একটি বৃহদাকার ব্যবসায় প্রতিষ্ঠানে প্রতিদিন শত শত লেনদেন সংঘটিত হয়। সারা বছরের এই অসংখ্য লেনদেন মনে রাখা যায় না এবং মুখে মুখে মিলানো সম্ভব নয়। সুতরাং ব্যবসায়ের এ সব লেনদেন অবশ্যই হিসাবের বইতে লিপিবদ্ধ করতে হবে।

মানুষ ব্যবসা-বাণিজ্যে নিয়োজিত হয় মুনাফা অর্জনের প্রত্যাশায়। মুনাফা অর্জিত হয়েছে কিনা তা বৎসরান্তে জানা প্রয়োজন। ব্যবসায়ের লেনদেনগুলো হিসাববিজ্ঞানের সুনির্দিষ্ট নীতিমালা অনুসারে সঠিক ও শুদ্ধভাবে হিসাবের বইতে স্থায়ীভাবে লিপিবদ্ধ করলে মুনাফা অর্জিত হয়েছে কিনা বা কত পরিমাণ মুনাফা অর্জিত হয়েছে তা জানা যাবে।

ব্যবসায়িক লেনদেনের বাৎসরিক ফলাফল লাভের জন্য লেনদেনগুলোকে প্রথমে বিভিন্ন সহকারী বা প্রাথমিক হিসাবের বই যেমন, সাধারণ জাবেদা, প্রকৃত জাবেদা, নগদান বই, ক্রয় বই, বিক্রয় বই ইত্যাদিতে লিপিবদ্ধ করা হয়। পরবর্তী পর্যায়ে সহকারী হিসাবের বইতে লিপিবদ্ধকৃত লেনদেনগুলোকে খতিয়ানে স্থানান্তর করা হয় এবং প্রাথমিকভাবে হিসাবভিত্তিক ফলাফল নির্ণয় করা হয়। খতিয়ানে হিসাবগুলোর উদ্বৃত্ত বা সারসংক্ষেপ নিয়ে রেওয়ামিল প্রস্তুত করে সংরক্ষিত লেনদেনগুলোর বা হিসাবখাতগুলোর গাণিতিক শুদ্ধতা যাচাই করা হয়। হিসাব বৎসর শেষে চূড়ান্ত হিসাব প্রস্তুত করে সারা বৎসরের ব্যবসায়িক কর্মকান্ডের ফলাফল বা লাভক্ষতির সঠিক পরিমাণ এবং আর্থিক অবস্থা বা সম্পত্তি ও দায়ের পরিমাণ নির্ণয় ও ব্যাখ্যা বিশ্লেষণ করা হয়।

সুতরাং দেখা যাচ্ছে যে, হিসাববিজ্ঞানের কার্যক্রম লেনদেন লিপিবদ্ধকরণের মধ্য দিয়ে শুরু হয়; এবং চূড়ান্ত ফলাফল বিশ্লেষণের মাধ্যমে শেষ হয়। *এ জন্য লেনদেন লিপিবদ্ধকরণকে হিসাববিজ্ঞানের প্রথম কাজ বা ভিত্তি বলা হয়।* একাজ সম্পাদনের জন্য অর্থাৎ লেনদেন লিপিবদ্ধকরণের ক্ষেত্রে কতকগুলো দলিলপত্রকে ভিত্তি হিসাবে গ্রহণ করতে হয়। যে সব দলিলপত্রের ভিত্তিতে লেনদেন লিপিবদ্ধ করা হয় তাদের মধ্যে- (১) চালান (২) ভাউচার (৩) ডেবিট নোট (৪) ক্রেডিট নোট ও (৫) মূল্য সংযোজন কর বা ভ্যাট চালান প্রধান। পরবর্তী পাঠে এ সব দলিলপত্র সম্পর্কে আলোচনা করা হয়েছে।

# পাঠ ৩ লেনদেন বিশেস্নষণের গাণিতিক প্রয়োগ
## (Mathematical Application of Transaction Analysis)

**উদ্দেশ্য**

**এই পাঠ শেষে আপনি**

- লেনদেন বিশ্লেষণ করতে পারবেন।
- লেনদেন বিশ্লেষণ করে সমীকরণের মাধ্যমে প্রকাশ করতে পারবেন।

**লেনদেন বিশ্লেষণ (Transaction Analysis) :**

একটি কম্পিউটার প্রোগ্রামিং প্রতিষ্ঠানের প্রথম মাসের লেনদেনগুলি নিম্নরূপ : এই লেনদেনগুলি বিশ্লেষণ করার কৌশল নিচে আলোচনা করা হল : (উদাহরণ-১)

**লেনদেন-১ :** প্রতিষ্ঠানের মালিক মিঃ সুমন নগদ ১৫,০০০ টাকা প্রতিষ্ঠানে বিনিয়োগ করলেন [Investment by owner (Mr. Sumon) to the Business Tk 15,000]

**ব্যাখ্যা :** আমরা জানি মালিক এবং প্রতিষ্ঠান সম্পূর্ণ পৃথক সত্তা। মালিক প্রতিষ্ঠানে ১৫,০০০ টাকা বিনিয়োগ করার ফলে প্রতিষ্ঠানের নগদ ১৫,০০০ টাকা বৃদ্ধি পেয়েছে যাহা একটি সম্পদ (Assets)।

অপরপক্ষে, মালিকের পাওনা অর্থাৎ প্রতিষ্ঠানের দেনা (Liabilities) ১৫,০০০ টাকা বৃদ্ধি পেয়েছে।

**প্রয়োগ :**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | সম্পদ (Assets) | = | দায় (Liabilites) | + | মালিকানা স্বত্ব (Owner's equity) |
| ১. | নগদ (Cash) | = | | | সুমনের মূলধন (Sumon's Capital) |
| | ১৫,০০০(15,000) | = | | | ১৫,০০০(15,000) |

**লেনদেন-২:** নগদে ৭,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করা হল (Purchase of equipment for cash Tk 7,000)

**ব্যাখ্যা :** নগদে আসবাবপত্র ক্রয় করার ফলে প্রতিষ্ঠানের নগদ টাকা (সম্পদ) ৭,০০০ কমে গেল। সাথে সাথে আসবাবপত্র নামক সম্পদ বৃদ্ধি পেল। অর্থাৎ একটি সম্পদ কমে গেল, অন্য একটি সম্পদ বাড়ল, হিসাব সমীকরণ ঠিক থাকল।

**প্রয়োগ :**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | Assets | | = | Liabilites | + | Owner's Equity |
| ২. | | Cash | Equipment | = | | | Mr. Sumon's Capital |
| | Old Bal. | 15000 | | = | | | 15,000 |
| | | -7,000 | +7,000 | | | | |
| | New Bal. | 8,000 | + 7,000 | | | | 15,000 |
| | | 15,000 | | | | | |

**লেনদেন-৩ :** বাকিতে ১,৬০০ টাকার সরঞ্জামাদি ক্রয় করা হল (Purchase of supplies on credit Tk 1,600).

**ব্যাখ্যা :** বাকিতে সরঞ্জামাদি ক্রয় করার ফলে প্রতিষ্ঠানের দুইটি বিষয়ের উপর প্রভাব পড়ল। যেমন : সরঞ্জামাদি নামক ১,৬০০ টাকার একটি সম্পদ বৃদ্ধি পেল। পক্ষান্তরে, যেহেতু সম্পদটি বাকিতে ক্রয় করা হয়েছে সেহেতু প্রতিষ্ঠানের পাওনাদার (Accounts payable) নামক ১,৬০০ টাকায় একটি দায় বৃদ্ধি পেলে।

**প্রয়োগ :**

| | | Assets | | | | | = | Liabilites | + | Owner's Equity |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Cash | + | Supplies | + | Equipment | = | Accounts Payable | + | Mr. Sumon's Capital |
| | Old Bal. | 8,000 | | | | 7,000 | | | | 15,000 |
| ৩. | | | | +1,600 | | | | 1,600 | | |
| | New Bal. | 8,000 | + | 1,600 | + | 7,000 | = | 1,600 | + | 15,000 |
| | | 16,600 | | | | | | 16,600 | | |

**লেনদেন-৪ :** নগদে ১,২০০ টাকার সেবা প্রদান করা হল (Services provided for cash Tk 1,200)

**ব্যাখ্যা :** আমরা জানি আয় হলে মালিকের সত্ত্ব (Owner's equity) বৃদ্ধি পায়, যেহেতু প্রতিষ্ঠান ১,২০০ টাকা আয় করেছে সেহেতু মালিকের পাওনা অর্থাৎ প্রতিষ্ঠানের দেনা মালিকের নিকট ১,২০০ টাকা বৃদ্ধি পেয়েছে। পক্ষান্তরে, প্রতিষ্ঠানের নগদ সম্পদ ১,২০০ টাকা বৃদ্ধি পেয়েছে।

**প্রয়োগ ;**

| | | Assets | | | | | = | Liabilites | + | Owner's Equity | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Cash | + | Supplies | + | Equipment | = | Accounts Payable | + | Mr. Sumon Capital | |
| | Old Bal. | 8,000 | | 1,600 | | 7,000 | | 1,600 | | 15,000 | |
| ৪. | | +1,200 | | | | | | | | +1,200 | Service Revenue |
| | New Bal. | 9,200 | + | 1,600 | + | 7,000 | | 1,600 | + | 16,200 | |
| | | 17,800 | | | | | | 17,800 | | | |

**লেনদেন-৫ :** বিজ্ঞাপন বিল বাকি রয়েছে ২৫০টাকা (Purchase of Advertising on credit Tk 250).

**ব্যাখ্যা :** প্রতিষ্ঠানের নামে সংবাদপত্র, রেডিও অথবা টেলিভিশন বিজ্ঞাপন প্রচার করা হয়েছে। এর ফলে বিজ্ঞাপন সংস্থা ২৫০ টাকা প্রতিষ্ঠানের নিকট পাওনা হয়েছে। প্রতিষ্ঠানের দৃষ্টিকোণ থেকে এটি প্রতিষ্ঠানের দায় অর্থাৎ ২৫০ টাকার পাওনাদার (Accounts payable) বৃদ্ধি পেয়েছে। পক্ষান্তরে, যেহেতু এটি খরচ সেহেতু মালিকের স্বত্ত্ব ২৫০ টাকা কমে যাবে। অর্থাৎ প্রতিষ্ঠানের একটি দায় কমে গেল, অন্য একটি দায় বৃদ্ধি পেল।

**প্রয়োগ :**

| | | Assets | | | | | = | Liabilites | + | Owner's Equity |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Cash | + | Supplies | + | Equipment | = | Accounts Payable | + | Mr. Sumon's Capital |
| ৫. | Old Bal. | 9,200 | | 1,600 | | 7,000 | | 1,600 | | 16,200 |
| | | | | | | | | 250 | | -250 |
| | New Bal. | 9,200 | + | 1,600 | + | 7,000 | = | 1,850 | + | 15,950 |
| | | 17,800 | | | | | | 17,800 | | |

**লেনদেন ৬ :** নগদে ১,৫০০ টাকার এবং বাকিতে ২,০০০ টাকার সেবা প্রদান করা হল। (Service provided for cash and credit amounting Tk 1,500 and Tk 2,000 respectively)

**ব্যাখ্যা :** নগদে সেবা প্রদান করার কারণে নগদ নামক সম্পদ ১,৫০০ টাকা এবং বাকিতে সেবা প্রদান করার কারণে দেনাদার (Accounts Receivable) নামক সম্পদ বৃদ্ধি পেয়েছে। পক্ষান্তরে, নগদ এবং বাকি মিলে মোট (১৫০০+২০০) = ৩,৫০০ টাকার আয় বৃদ্ধি পেয়েছে, যার ফলে মালিকের স্বত্ব বৃদ্ধি পেয়েছে।

**প্রয়োগ :**

| | Assets | | | | | | | = | Liabilites + | | Owner's Equity | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Cash | + | Accounts Receivable | + | Supplies | + | Equipment | = | Accounts Payable | + | Mr. Sumon's Capital | |
| Old Bal. | 9,200 | | | | 1,600 | | 7,000 | | 1,850 | | 15,950 | |
| | +1,500 | | +2,000 | | | | | | | | +3,500 | Service Revenue |
| ৬. New Bal. | 10,700 | + | 2,000 | + | 1,600 | + | 7,000 | = | 1,850 | + | 19,450 | |
| | 21,300 | | | | | | | | 21,300 | | | |

**লেনদেন ৭ :** অফিস ভাড়া ৬০০ টাকা, কর্মচারীদের বেতন ৯০০ টাকা এবং উপযোগ খরচ ২০০ টাকা পরিশোধ করা হল (Paid in cash for office rent Tk 600, Employees Salaries Tk 900 and Utilities expenses Tk 200)

**ব্যাখ্যা :** মোট (৬০০+৯০০+২০০)=১৭০০ টাকা নগদে খরচ হয়েছে বলে নগদ নামক সম্পদ হ্রাস পেয়েছে। পক্ষান্তরে, মালিকের সত্ত্ব ১৭০০ টাকা দ্বারা কমে যাবে কারণ খরচ হলে মালিকের পাওনা/দাবি কমে যায়।

**প্রয়োগ ঃ**

| | Assets | | | | | | | = | Liabilites + | | Owner's Equity | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Cash | + | Accounts Receivable | + | Supplies | + | Equipment | = | Accounts Payable | + | Mr. Sumon Capital | |
| ৭. Old Bal. | 10,700 | | 2,000 | | 1,600 | | 7,000 | | 1,850 | | 19,450 | |
| | -1,700 | | | | | | | | | | -600 | Rent Expense |
| | | | | | | | | | | | -900 | Salaries Expenses |
| | | | | | | | | | | | -200 | Utilities Expense |
| New Bal. | 9,000 | + | 2,000 | + | 1,600 | + | 7,000 | = | 1,850 | + | 17,750 | |
| | 19,600 | | | | | | | | 19,600 | | | |

**লেনদেন-৮ :** পাওনাদারকে ২৫০ টাকা পরিশোধ করা হল (Payment of Accounts payable Tk 250)

**ব্যাখ্যা :** পাওনাদারকে নগদে পরিশোধ করার কারণে নগদ নামক সম্পদ ২৫০ টাকা হ্রাস পেয়েছে, সাথে সাথে পাওনাদার নামক দায় ২৫০ টাকা হ্রাস পেয়েছে।

**প্রয়োগ :**

| | Assets | | | | | | | = | Liabilites + | | Owner's Equity |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Cash | + | Accounts Receivable | + | Supplies | + | Equipment | = | Accounts Payable | + | Mr. Sumon's Capital |
| ৮. Old Bal. | 9,000 | | 2,000 | | 1,600 | | 7,000 | | 1,850 | | 17,750 |
| | -250 | | | | | | | | -250 | | |
| New Bal | 8,750 | + | 2,000 | + | 1,600 | + | 7,000 | = | 1,600 | + | 17,750 |
| | 19,350 | | | | | | | | 19,350 | | |

**লেনদেন-৯ :** দেনাদার থেকে নগদ গ্রহণ করা ৬০০ টাকা। (Receipts of cash on accounts Tk 600).

**ব্যাখ্যা :** দেনাদার থেকে ৬০০ টাকা গ্রহণ করার কারণে নগদ নামক সম্পদ ৬০০ টাকা বৃদ্ধি পেয়েছে, সাথে সাথে দেনাদার নামক সম্পদ ৬০০ টাকা হ্রাস পেয়েছে।

**প্রয়োগ :**

| | Assets | | | | | | | = | Liabilites + | | Owner's Equity |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Cash | + | Accounts Receivable | + | Supplies | + | Equipment | = | Accounts Payable | + | Mr. Sumon's Capital |
| Old Bal. | 8,750 | | 2,000 | | 1,600 | | 7,000 | | 1,600 | | 17,750 |
| | +600 | | -600 | | | | | | | | |
| New Bal. | 9,350 | + | 1,400 | + | 1,600 | + | 7,000 | = | 1,600 | + | 17,750 |
| | 19,350 | | | | | | | | 19,350 | | |

**লেনদেন-১০ :** মালিক ১,৩০০ টাকা নগদ উত্তোলন করেছেন। (Withdrawal by owner Tk 1,300)

**ব্যাখ্যা :** মালিক নগদ টাকা উত্তোলন করার কারণে প্রতিষ্ঠানের নগদ টাকা হ্রাস পেয়েছে, সাথে সাথে মালিকের পাওনাও হ্রাস পেয়েছে।

**প্রয়োগ :**

| | Assets | | | | | | | = | Liabilites | + | Owner's Equity | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Cash | + | Accounts Receivable | + | Supplies | + | Equipment | = | Accounts Payable | + | Mr. Sumon's Capital | |
| Old Bal. | 9,350 | | 1,400 | | 1,600 | | 7,000 | | 1,600 | | 17,750 | |
| | -1,300 | | | | | | | | | | -1300 | Drawings |
| New Bal. | 8,050 | + | 1,400 | + | 1,600 | + | 7,000 | = | 1,600 | + | 16,450 | |
| | 18,050 | | | | | | | | 18,050 | | | |

**উপরের উদাহরণটির সার-সংক্ষেপ নিম্নরূপ ঃ**

## Mr. Sumon
## Transactions Analysis

| Transaction | Cash | + | Accounts Receivable | + | Supplies | + | Equipment | = | Liabilites Accounts Payable | + | Owner's Equity Mr. Sumon,s Capital | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (1) | +15,000 | | | | | | | | | | +15,000 | Investment |
| (2) | -7,000 | | | | | | +7,000 | | | | | |
| | 8,000 | | | | | + | 7,000= | | | | 15,000 | |
| (3) | | | | | +1,600 | | | | +1,600 | | | |
| | 8,000 | | | + | 1,600 | + | 7,000 | = | 1,600 | + | 15,000 | |
| (4) | +1,200 | | | | | | | | | | +1,200 | Service Revenue |
| | 9,200 | | | + | 1,600 | + | 7,000 | = | 1,600 | + | 16,200 | |
| (5) | | | | | | | | | +250 | | -250 | Advertising Expense |
| | 9,200 | | | + | 1,600 | + | 7,000 | = | 1,850 | + | 15,950 | |
| (6) | +1,500 | | +2,000 | | | | | | | | +3,500 | Service Revenue |
| | 10,700 | + | 2,000 | + | 1,600 | + | 7,000 | = | 1,850 | + | 19,450 | |
| (7) | -1,700 | | | | | | | | | | -600 | Rent Expense |
| | | | | | | | | | | | -900 | Salaries Expense |
| | | | | | | | | | | | -200 | Utilities Expense |
| | 9,000 | + | 2,000 | + | 1,600 | + | 7,000 | = | 1,850 | + | 17,750 | |
| (8) | -250 | | | | | | | | -250 | | | |
| | 8,750 | + | 2,000 | + | 1,600 | + | 7,000 | = | 1,600 | + | 17,750 | |
| (9) | +600 | | -600 | | | | | | | | | |
| | 9,350 | + | 1,400 | + | 1,600 | + | 7,000 | = | 1,600 | + | 17,750 | |
| (10) | -1,300 | | | | | | | | | | -1,300 | Drawing |
| | 8,050 | + | 1,400 | + | 1,600 | + | 7,000 | = | 1,600 | + | 16,450 | |
| | | | 18,050 | | | | | | 18,050 | | | |

**উদাহরণ-২ ঃ** জানুয়ারী মাসের ১ তারিখে জনাব চৌধুরী রেডিও, টেলিভিশন মেরামতের একটি দোকান প্রতিষ্ঠা করেন। হিসাব সমীকরণের মাধ্যমে নিম্নলিখিত লেনদেনগুলোর প্রভাব দেখান:

১. জনাব চৌধুরী ব্যবসায়ে ৫০,০০০ টাকা বিনিয়োগ করলেন।
২. যন্ত্রপাতি ও যন্ত্রাংশ নগদে ক্রয় ১২,০০০ টাকা।
৩. দোকান ভাড়া প্রদান করা হল ৩,০০০ টাকা।
৪. টেলিভিশন মেরামত করে আয় হল ৮০০ টাকা।
৫. মেরামত কাজে ৫০০ টাকার যন্ত্রাংশ ব্যবহার করা হয়েছে।
৬. বাকিতে রেডিও মেরামত করে দেয়া হল ২,০০০ টাকা।
৭. বাকিতে যন্ত্রাংশ ক্রয় করা হল ২,০০০ টাকা।
৮. কর্মচারীদের বেতন দেয়া হয় ১,৫০০ টাকা।
৯. বাকিতে যন্ত্রাংশ ক্রয়ের ১,০০০ টাকা চেকের মাধ্যমে পরিশোধ করা হল।
১০. ব্যক্তিগত কাজে মালিক ৫,০০০ টাকা উত্তোলন করল।

সমাধান:

**জনাব চৌধুরী**

**লেনদেন বিশ্লেষণ**

| ক্রমিক | **সম্পত্তি** | | | **=** | **দায়+মালিকের মূলধন** |
|---|---|---|---|---|---|
| | নগদ ও ব্যাংক জমা | +প্রাপ্য বিল | +যন্ত্রপাতি ও যন্ত্রাংশ | =প্রদেয় বিল | +জনাব চৌধুরীর মূলধন |
| ১. | +৫০,০০০ | | | | +৫০,০০০ |
| ২. | -১২,০০০ | | +১২,০০০ | | |
| ৩. | -৩,০০০ | | | | -৩,০০০ |
| ৪. | +৮০০ | | | | +৮০০ |
| ৫. | | | -৫০০ | | -৫০০ |
| ৬. | | +২,০০০ | | | +২,০০০ |
| ৭. | | | +২,০০০ | +২,০০০ | |
| ৮. | -১,৫০০ | | | | -১,৫০০ |
| ৯. | -১,০০০ | | | -১,০০০ | |
| ১০. | -৫,০০০ | | | | -৫,০০০ |
| | +২৮,৩০০ | +২,০০০ | +১৩,৫০০ | +১,০০০ | +৪২,৮০০ |
| মোট | ৪৩,৮০০ | | | = | ৪৩,৮০০ |

## মূল্যায়ন

১. লেনদেন কি? (What is Transaction?)

২. ঘটনা ও লেনদেনের মধ্যে ব্যবধানগুলো কি কি? (What are the differences between event and Transaction? )

৩. লেনদেনের শ্রেণী বিভাগ আলোচনা করুন। (Discuss the Classification of Transactions)

৪. লেনদেন কেন লিপিবদ্ধ করা হয়? (Why Transaction are Recorded?)

৫. সকল ঘটনা লেনদেন নহে, কিন্তু সকল লেনদেন ঘটনা - উক্তিটি আলোচনা করুন। (All events are not Transaction, But All Transaction are event. - Explain the Statement.)

6. Mr. Karim opened his own law practice office on July 1, 2003. During the first month of operation the following transactions are occurred:

| | | |
|---|---|---|
| Transaction No. | 1 | Invested Tk. 10,000 in cash in the law practices. |
| | 2 | Paid Tk. 800 for July rent on office space. |
| | 3 | Purchased furniture on account Tk. 3,000 |
| | 4 | Rendered legal services to clients for cash Tk. 1500 |
| | 5 | Borrowed Tk. 700 cash from a bank on a note payable. |
| | 6 | Performed legal service to client on account Tk. 2000 |
| | 7 | Paid monthly expenses: Salaries Tk 500, Gas bill Tk. 300 and Telephone Bill Tk. 100 |

Required: Prepare a tabular summary of the transactions

7. Affleck's Repair Shop was started on May 1 by B. Affleck. A summary of May transctions is presented below:
   1. Invested Tk. 10,000 cash to start the repair shop
   2. Purchased equipment for Tk. 5,000 cash
   3. Paid Tk. 400 cash for May office rent
   4. Paid Tk. 500 cash for supplies
   5. Incurred Tk. 250 of advertising cost in the beacon news on account
   6. Received Tk. 4,100 in cash from customers for repair service
   7. Withdraw Tk. 500 cash for personal use
   8. Paid part-time employee salaries Tk. 1,000
   9. Paid utility bills Tk. 140
   10. Provided repair service on account to customers Tk. 1,000
   11. Collected cash of Tk. 120 for services billed in transction (10)

   Prepare a tabular analysis of the transactions.

৮. ২০০৫ সালের জানুয়ারি ১ তারিখে জনাব খান একটি ব্যবসা শুরু করেন। প্রথম মাসে সংঘটিত নিম্নলিখিত লেনদেনগুলো হিসাব সমীকরণের মাধ্যমে বিশ্লেষণ করুন:

| | | |
|---|---|---|
| জানুয়ারি ১ | : | জনাব খান ব্যবসায়ের প্রয়োজনে ১,০০,০০০ টাকা জমা দিলেন। |
| ২ | : | বাকিতে ৫০,০০০ টাকার পণ্য ক্রয় করা হল। |
| ৪ | : | নগদে ২৫,০০০ টাকার পণ্য ক্রয় করা হল। |
| ৫ | : | বাকিতে ২০,০০০ টাকার পণ্য বিক্রয় করা হল। |
| ৬ | : | নগদে ১০,০০০ টাকার পণ্য ক্রয় করা হল। |
| ৭ | : | বাকিতে ক্রয়কৃত পণ্যের মূল্য বাবদ ২০,০০০ টাকা নগদে পরিশোধ করা হল। |
| ৮ | : | বাকিতে বিক্রয়কৃত পণ্যের মূল্য বাবদ ১০,০০০ নগদে টাকা আদায় হল। |
| ৯ | : | বিজ্ঞাপন খরচ পরিশোধ করা হল ৫,০০০ টাকা। |
| ১০ | : | বেতন প্রদান করা হল ১০,০০০ টাকা। |